আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের কৃষি শিক্ষার উন্নয়নে সমর্থন করার জন্য নতুন উদ্যোগ ঘোষণা করেছেন

নিউ ইয়র্কের প্রথম কৃষি যুব সম্মেলনের পর, গভর্নর ব্লু-রিবন প্যানেল চালু করার ঘোষণা দিয়েছেন

গভর্নর হোকল-এর 2024 স্টেট অব দ্য স্টেট ইনিশিয়েটিভের উপর প্রতিশ্রুতি ব্যক্ত করে নিউ ইয়র্কের শিক্ষার্থীদের কৃষিতে আধুনিক শিক্ষা, নেতৃত্ব এবং প্রশিক্ষণের সুযোগ নিশ্চিত করতে সম্মেলনটি পরিচালিত হয়

স্টেটের প্রথম যুব কৃষি সম্মেলনের পরে গভর্নর ক্যাথি হোকল আজ কৃষি শিক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য নতুন ব্লু-রিবন প্যানেল এবং কৃষি শিক্ষা উন্নয়ন ও যুব নেতৃত্বকে সহায়তা করার জন্য বাড়তি বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। অ্যালবানীর (Albany) Empire State Plaza তে বুধবার ও বৃহস্পতিবার অনুষ্ঠিত এই সম্মেলনটি FFA, 4-H এবং ন্যাশনাল সোসাইটি ফর মাইনরিটিজ ইন এগ্রিকালচার (National Society for Minorities in Agriculture), ন্যাচারাল রিসোর্সেস অ্যান্ড রিলেটেড সায়েন্সেস (Natural Resources and Related Sciences) থেকে প্রায় 300 হাই স্কুল শিক্ষার্থীদের একত্রিত করেছিল। শিল্পের ভবিষ্যত কর্মশক্তির চাহিদাকে প্রতিফলিত করে এমন কৃষিতে যুবকদের সম্পৃক্ততার সুযোগ চিহ্নিত করতে স্টেট জুড়ে শিক্ষার্থীরা এসেছিল।

"4-Her-এর একজন প্রাক্তন হিসাবে, আমি যুব সমাজের শিক্ষার গুরুত্বের পাশাপাশি আমাদের একটি শক্তিশালী, প্রাণবন্ত কৃষি শিল্প নিশ্চিত করা কতটা মূল্যবান তা বুঝতে পারি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বাড়তি তহবিল সরবরাহের মাধ্যমে গুরুত্বপূর্ণ প্রোগ্রামিং সমর্থন এবং একটি নতুন ব্লু রিবন প্যানেল গঠনের মাধ্যমে, আমরা এই খাতে চ্যালেঞ্জ মোকাবেলা এবং নতুন সুযোগ চিহ্নিত করব যার ফলে আমাদের নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণ থেকে তরুণদের একত্রিত করে কৃষি নেতৃত্বের পরবর্তী প্রজন্মের জন্য একটি সুস্পষ্ট ধারা প্রশস্ত করব।"

স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) কর্নেল বিশ্ববিদ্যালয়ের কৃষি ও জীববিজ্ঞান কলেজের নিউ ইয়র্ক কৃষি শিক্ষা ও সম্প্রসারণ কর্মসূচির সহযোগিতায় সম্মেলনটি উদ্বোধন করেন। দুই দিনব্যাপী সম্মেলনে ব্রেকআউট সেশন এবং ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছিল যাতে নিউ ইয়র্কের শিক্ষার্থীরা স্টেটের নেতাদের সাথে যোগাযোগ করার এবং খাদ্য, কৃষি ও

প্রাকৃতিক সম্পদ খাতের আন্তঃসংযোগকে কিভাবে নীতিমালা আকার দেয় তা ভালোভাবে বুঝতে পারে। শিক্ষার্থীরা এই খাতগুলোর বিভিন্ন চ্যালেঞ্জ এবং সম্ভাবনার অনুসন্ধান করেছে, তাদের নিজস্ব আগ্রহের বিষয়ে অন্যান্য শিক্ষার্থী ও পেশাদারদের সাথে যোগাযোগ করেছে এবং কৃষিতে বিভিন্ন ধরনের কর্মজীবনের সম্ভাবনা আবিষ্কার করেছে।

সম্মেলনের প্রথম দিনের পর, গভর্নর কৃষি শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি ব্লু-রিবন প্যানেল গঠনের ঘোষণা দিয়েছেন যা কৃষি শিক্ষাকে শক্তিশালী করার এবং কর্মীদের বহুমুখী চাহিদা সমর্থন করার জন্য একটি গতিপথ নির্ধারণ করতে খাদ্য ও কৃষি খাতের স্টেকহোল্ডারদের, শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এবং শিক্ষকদের একত্রিত করবে। প্যানেল তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে একসঙ্গে কাজ করবে, আজকের তরুণদেরকে আমাদের খাদ্য ও কৃষি খাতে শিক্ষিত করার অনেক সুযোগের মূল্যায়ন করতে; স্কুলে কৃষি শিক্ষার উন্নতিতে প্রতিবন্ধকতা ও সুযোগগুলো যাচাই করবে; কৃষি শিক্ষার সার্টিফিকেশন পর্যালোচনা করবে এবং কৃষি ও খাদ্য সংশ্লিষ্ট কর্মশক্তি ব্যবস্থাকে সহায়তা করবে। প্যানেল গভর্নরের কাছে এই সমস্যাগুলোর সমাধান এবং পরবর্তী পদক্ষেপগুলো নিশ্চিতের জন্য একটি প্রতিবেদন জারি করবে।

এছাড়াও, গভর্নর কর্নেল ইউনিভার্সিটিতে স্টেট ব্যাপী 4-H প্রোগ্রামে 50,000 মার্কিন ডলার প্রদান করা হবে বলে ঘোষণা করেছেন যেটি কৌশলগত দৃষ্টিভঙ্গির জন্য কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশনের একটি অংশ যা স্টেটের কর্মী, কাউন্টি নেতৃত্ব এবং যুবকদের একত্রিত করবে এই জন্য যে, 4-H আগামী 10 বছরের জন্য নিউ ইয়র্কের যুবকদের প্রস্তুত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকার মানচিত্র তৈরি করবে।। বর্তমান সময়ে যুব সম্প্রদায়ের পরিবর্তিত চাহিদা পূরণের লক্ষ্যে এবং তাদেরকে নতুন সময় ও স্থানের সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা করার জন্য নিউ ইয়র্কে 4-H ক্রমাগত উন্নতি সাধন করছে এবং এই প্রক্রিয়ার মাধ্যমে 4-H নিজের দক্ষতা ও সুযোগের তালিকা তৈরি করতে পারবে, আজকের তরুণদের গতিশীল চাহিদাগুলো চিহ্নিত করতে পারবে এবং নিউ ইয়র্কে 4-H-কে ক্যারিয়ার ও নেতৃত্ব উন্নয়নে আগামী প্রজন্মে প্রবেশ করানোর পরিকল্পনা তৈরি করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) বলেন, "আমি এই প্রথম কৃষি যুব সম্মেলনের অংশ হতে পেরে খুবই আনন্দিত যেটি নিউ ইয়র্কের সমস্ত কোণ থেকে আমাদের শত শত শিক্ষার্থীদের একত্রিত করছে যাদের কৃষির প্রতি আবেগ এবং আগ্রহ রয়েছে যা আকর্ষক। আমাদের গভর্নরের নেতৃত্বে, কৃষি শিক্ষায় বিনিয়োগ এবং আমাদের যুব সমাজের সমস্ত সংগঠন জুড়ে নেতৃত্বকে সহায়তা করার ক্ষেত্রে এখানে একটি আদর্শ গতি ফিরেছে। এই সম্মেলনটি আমাদের তরুণদের একে অপরের সাথে দেখা করার, তাদের ধারণাগুলো ভাগাভাগি করে নেওয়ার এবং সামনের বহু প্রজন্মের জন্য একটি শক্তিশালী, টেকসই কৃষি খাতের জন্য একটি পথ তৈরি করতে সহায়তা করে।"

স্টেট সিনেটর Michelle Hinchey (মিশেল হিনচে) বলেন, "কিভাবে আমরা রাষ্ট্র হিসেবে পরবর্তী প্রজন্মকে নিউইয়র্কের বৈচিত্র্যময় কৃষি খাত এবং শিল্পকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করি তা বিষয়ে একটি শক্তিশালী অর্থনীতির পথ এবং নিরাপদ খাদ্য সরবরাহের পথ সরাসরি সংযুক্ত আছে। নিউ ইয়র্কের প্রথম যুব কৃষি সম্মেলনে উদ্‌ভূত ধারণা এবং আলোচনাগুলো শিক্ষার্থীদের আবিষ্কার করতে সাহায্য করার জন্য গুরুত্বপূর্ণ যে তারা কিভাবে তাদের ব্যক্তিগত

চিন্তাধারাকে বাস্তব ক্যারিয়ারে পরিণত করতে পারে। ব্লু-রিবন প্যানেলের সূচনা এবং স্টেট ব্যাপী নেতৃত্বমূলক প্রোগ্রামগুলোর জন্য সরাসরি সহায়তার পাশাপাশি একসাথে, আমরা নিউ ইয়র্কের কৃষির ভবিষ্যতের জন্য একটি শক্তিশালী ভিত্তি প্রতিষ্ঠা করতে এবং পরবর্তী প্রজন্মকে সাথে নিয়ে নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত করতে কাজ করছি।"

অ্যাসেম্বলিমেম্বার Donna Lupardo (ডোনা লুপার্দো) বলেন, "FFA, 4-H, এবং MANRRS-এর মতো প্রোগ্রামের মাধ্যমে কৃষি শিক্ষা নিউ ইয়র্কের কৃষি শিল্পের ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ যা পরবর্তী প্রজন্মের পশু চিকিৎসক, বিজ্ঞানী, শিক্ষক, উদ্যোক্তা এবং কৃষকদের প্রস্তুত করতে সাহায্য করে। এই যুব নেতৃত্ব সম্মেলন NY কৃষির ভবিষ্যত আধুনিক করার জন্য একসাথে কাজ করা অব্যাহত রেখে মানসম্পন্ন কৃষি শিক্ষার প্রতি আমাদের অঙ্গীকার প্রদর্শন করে। আজকের সম্মেলনের জন্য এবং ব্লু-রিবন প্যানেল চালু করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং আমার সহকর্মীদের ধন্যবাদ জানাতে চাই যা উভয়ই খাতকে শক্তিশালী করবে এবং পরবর্তী প্রজন্মের কৃষি নেতৃত্বকে সমর্থন করবে।"

কর্নেল ইউনিভার্সিটি কলেজ অব এগ্রিকালচার অ্যান্ড লাইফ সায়েন্সেস অ্যাসোসিয়েট ডিন অব ল্যান্ড গ্রান্ট অ্যাফেয়ার্স এবং ডিরেক্টর অব ট্রান্সলেশনাল রিসার্চ প্রোগ্রাম Julie Suarez (জুলি সুয়ারেজ) বলেন, "কর্নেল CALS আমাদের কলেজের প্রতিষ্ঠার পর থেকে নিউ ইয়র্কের কৃষি ও পরিবেশগত নেত্রীবৃন্দদের প্রশিক্ষণ দিয়েছে। আমরা আমাদের SUNY এবং নিউ ইয়র্ক স্টেটের অংশীদারদের সাথে এই সম্মেলনে অংশ নিতে পেরে সম্মানিত বোধ করছি - এবং আমাদের শহুরে, শহরতলির এবং গ্রামীণ কমিউনিটিগুলোতে কৃষি শিক্ষাকে পুনরুজ্জীবিত করার জন্য স্টেটের প্রতিশ্রুতি অনুযায়ী সাহায্য করতে পেরে রোমাঞ্চিত। এই গুরুত্বপূর্ণ ইভেন্টটি হোস্ট করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর কাছে অত্যন্ত কৃতজ্ঞ, নিউ ইয়র্কের খাদ্যের ভবিষ্যত প্রতিষ্ঠা করতে এবং নিউ ইয়র্ক স্টেটের যুবকদের জন্য নতুন পথ এবং কর্মজীবনের সুযোগ তৈরি করতে আমাদের বর্তমান এবং ভবিষ্যতের কৃষি নেতাদের একত্রিত করেছেন।"

কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েট ডিন এবং পরিচালক Andy Turner (অ্যান্ডি টার্নার) বলেন, "এই সম্মেলনটি আমাদের ভবিষ্যত নেতাদের বর্তমান সরকার, শিক্ষা এবং শিল্পের নেতাদের সাথে নিউ ইয়র্কের খাদ্য, কৃষি এবং প্রকৃতি-ভিত্তিক অর্থনীতি সম্পর্কে চিন্তা করতে এবং স্বপ্ন দেখার জন্য একত্রিত করছে এবং সেই দৃষ্টিভঙ্গি প্রতিষ্ঠা ও টিকিয়ে রাখতে এই তরুণরাই ভূমিকা পালন করবে। আমাদের খাদ্য ব্যবস্থা বিষয়ক বিভিন্ন অভিজ্ঞতা এবং সংযোগ সহ স্টেটের সমস্ত কোণ থেকে যুবকদের একত্রিত করাটা ভীষণভাবে গুরুত্বপূর্ণ। আমি মনে করি আমরা আমাদের তরুণ নেতাদের এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য উদ্ভাবন এবং উন্নতির একটি নতুন তরঙ্গের সূচনা হিসেবে এই সম্মেলনকে অনুসরণ করব।"

কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন ইন্টারিম NYS 4-H ইয়ুথ ডেভেলপমেন্ট প্রোগ্রামের নেতা Alexa Maille (আলেক্সা মেইল) বলেন, "নিউ ইয়র্ক ইয়ুথ এগ্রিকালচার লিডারশিপ কনফারেন্স (The New York Youth Agriculture Leadership Conference) হলো কৃষি এবং খাদ্য ব্যবস্থায় যুব স্পার্ককে চ্যাম্পিয়ন করার এক অনন্য সুযোগ। স্টেট জুড়ে যুব নেতাদের একে অপরের সাথে এবং প্রাপ্তবয়স্ক নেতাদের সাথে একত্রিত হওয়ার আনন্দ প্রত্যক্ষ করাটা অবিশ্বাস্য

কারণ তারা খাদ্য ব্যবস্থার প্রতি তাদের চিন্তাধারা ভাগাভিগি করে নেয় এবং একটি সমৃদ্ধ ভবিষ্যত গড়ে তোলার জন্য একসাথে কাজ করে।"

নিউ ইয়র্ক FFA পরিচালক Juleah Tolosky (জুলিয়াহ টোলোস্কি) বলেন, "এই ইভেন্টটি আমাদের স্টেটে খাদ্য ও কৃষির ভবিষ্যত অন্বেষণ করতে প্রতিটি কমিউনিটির নিউ ইয়র্ক যুবকদের একত্রিত হওয়ার জন্য একটি ভিত্তি নিশ্চিত করে। ভবিষ্যত তাদেরই এবং তাদের কর্মের ফলে হবে এবং আমাদের স্টেটের সাফল্যে আমাদের যুবকদের ভূমিকাকে সম্মান করে এমন সংস্থা এবং ব্যক্তিদের সাথে অংশীদারিত্ব করাটা একটি বিশেষত্বের ব্যাপার।"

MANRRS-এর প্রধান নির্বাহী কর্মকর্তা Ebony Webber (ইবোনি ওয়েবার) বলেন, "ন্যাশনাল সোসাইটি ফর MANRRS NYS ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস, জুনিয়র MANRRS, 4-H এবং FFA-এর সহযোগিতায় উদ্বোধনী যুব নেতৃত্বমূলক সম্মেলনে সহায়তা করতে পেরে গর্বিত। এই উদ্ভাবনীমূলক ইভেন্টটি পরবর্তী প্রজন্মের কৃষি নেতৃত্বকে অনুপ্রাণিত ও ক্ষমতায়নের জন্য যুব সংগঠনগুলোকে একত্রিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিশ্চিত করে। একটি প্ল্যাটফর্ম প্রদান করার মাধ্যমে যেখানে তরুণরা যোগাযোগ করতে, শিখতে এবং উন্নতি করতে পারে, আমরা নিউ ইয়র্ক স্টেটে কৃষির জন্য একটি টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে এবং উদ্ভাবন চালানোর জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং আবেগকে উৎসাহিত করছি।"

কর্নেল ইউনিভার্সিটির নিউ ইয়র্ক এগ্রিকালচার ইন ক্লাসরুমের পরিচালক Katie Carpenter (কেটি কার্পেন্টার) বলেন, "আজকের তরুণরা কেবল কৃষির ভবিষ্যতই নয় বরং উদ্ভাবকও যারা আরও স্থিতিস্থাপক, টেকসই এবং ন্যায়সঙ্গত খাদ্য ব্যবস্থা গড়ে তুলবে। নিউ ইয়র্ক এগ্রিকালচার ইন দ্য ক্লাসরুম (New York Agriculture in the Classroom) গর্বিত যে তরুণ ব্যক্তিত্বকে কৃষিতে এগিয়ে যাওয়ার চিন্তাভাবনামূলক সমাধানগুলো কল্পনা করতে এবং বাস্তবায়ন করতে সাহায্য করে যার বিস্তার জলবায়ু-স্মার্ট কার্যক্রম থেকে উন্নত প্রযুক্তির একীকরণ পর্যন্ত। আমরা এমন একটি ভবিষ্যতে বিনিয়োগ করছি যেখানে খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত স্টুয়ার্ডশিপ একসাথে চলে যা পরবর্তী প্রজন্মের চিন্তাধারা এবং দূরদৃষ্টি দ্বারা পরিচালিত হয়।"

নিউ ইয়র্ক স্টেট গত কয়েক বছর ধরে কৃষি শিক্ষা এবং FFA কর্মসূচিতে উল্লেখযোগ্য উন্নতি সাধন করেছে। 2016 সাল থেকে, স্টেট জুড়ে মোট 437 জন শিক্ষাবিদ সহ কৃষি শিক্ষকের সংখ্যা 75 শতাংশের বেশি বেড়েছে। এছাড়াও, নিউ ইয়র্কের FFA চ্যাপ্টার এবং সদস্যপদ বাড়তে থাকে, বর্তমানে নিউ ইয়র্ক জুড়ে মোট 209টি FFA চ্যাপ্টার প্রতিষ্ঠিত হয়েছে। বর্তমানে স্টেট ব্যাপী পাঁচটি MANRRS কলেজিয়েট চ্যাপ্টার রয়েছে যেখানে 2022 সালে মাত্র দুটি এবং নিউ ইয়র্ক সিটির জন বাউন হাই স্কুলে একটি জুনিয়র চ্যাপ্টার ছিল। আজ, নিউ ইয়র্ক স্টেটের পুরো 62টি কাউন্টিতে একটি করে 4-H প্রোগ্রাম রয়েছে যা স্টেটের প্রতিটি কোণে কৃষিতে আগ্রহী তরুণদের শিক্ষার সুযোগ প্রদান নিশ্চিত করে।

গভর্নরের 2024 সালের স্টেট অব দ্য স্টেট অ্যাড্রেস এবং 25 অর্থ বর্ষের নির্বাহী বাজেট এই কাজের উপর ভিত্তি করে কৃষি শিক্ষায় বিনিয়োগকে অগ্রাধিকার দিয়ে চলবে যাতে কর্মশক্তি উন্নয়ন সহায়তা পায় এবং নিউ ইয়র্ক স্টেটে কৃষিকে একটি টেকসই খাত হিসাবে বজায় রাখা

যায়। বাজেটে কনফারেন্সে অর্থায়নের জন্য 250,000 মার্কিন ডলার, নিউ ইয়র্ক FFA-কে সহায়তা করার জন্য 1.25 মিলিয়ন মার্কিন ডলার, কৃষি, প্রাকৃতিক সম্পদ এবং এ সম্পর্কিত বিজ্ঞান (Minorities in Agriculture, Natural Resources and Related Sciences, MANRRS) চার্টার এবং নতুন একটি প্রতিষ্ঠিত নিউ ইয়র্ক সংখ্যালঘুদের সহায়তা করার জন্য 50,000 মার্কিন ডলার এবং ক্লাসরুম প্রোগ্রামে নিউ ইয়র্ক কৃষিকে সহায়তা করার জন্য এবং স্টেট সনদপ্রাপ্ত কৃষি শিক্ষাবিদদের সংখ্যা বাড়ানোর জন্য 500,000 মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও, শহুরে কৃষি শিক্ষাকে সহায়তা করার জন্য 250,000 মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছিল। এই প্রোগ্রামগুলো একসাথে নিউ ইয়র্ক জুড়ে কৃষি শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সহায়তা করে।

কনফারেন্সের অংশীদারদের সম্পর্কে

নিউ ইয়র্ক FFA হলো এমন একটি সংস্থা যারা তরুণদের ক্যারিয়ার এবং আজীবন ভোক্তা ও নাগরিক হিসেবে সক্ষমতাপ্রাপ্ত অর্জনে প্রস্তুত করে গড়ে তুলতে আগ্রহী। সম্মেলন, প্রতিযোগিতা এবং পুরস্কার কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক FFA সকল ব্যাকগ্রাউন্ডের শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট ক্যারিয়ার এবং তাদের ভবিষ্যতকে প্রভাবিত করবে এমন সমস্যার সাথে পরিচয় করিয়ে দিতে ইচ্ছুক। আগ্রহ ও দক্ষতা বিকাশের মাধ্যমে আমরা কৃষি, খাদ্য বিজ্ঞান, প্রাকৃতিক সংস্থান ব্যবস্থাপনা, শক্তি, কাঠামোগত ও প্রযুক্তিগত ব্যবস্থা ইত্যাদি খাতে ক্যারিয়ারের জন্য প্রতিভার পাইপলাইনের একটি প্রতিশ্রুত অংশ হিসেবে কাজ করে থাকি।

4-H হলো আমেরিকার সর্ববৃহৎ যুব উন্নয়ন সংস্থা যা প্রায় ছয় মিলিয়ন তরুণ-তরুণীকে আজীবন নেতৃত্ব দেওয়ার দক্ষতা তৈরিতে ক্ষমতায়ন করে। 4-H প্রোগ্রামে, বাচ্চারা এবং কিশোর-কিশোরীরা স্বাস্থ্য, বিজ্ঞান, কৃষি এবং নাগরিক কার্যক্রমের মতো ক্ষেত্রে একটি ইতিবাচক পরিবেশে হ্যান্ডস-অন প্রকল্পগুলো সম্পন্ন করে যেখানে তারা প্রাপ্তবয়স্ক পরামর্শদাতাদের কাছ থেকে নির্দেশনা পায় এবং সক্রিয় নেতৃত্বের ভূমিকা গ্রহণের আহ্বান জানায়।

MANRRS হলো একটি জাতীয় সমাজ যা কৃষি এবং সংশ্লিষ্ট বিজ্ঞান-ভিত্তিক কর্মজীবনে সকল বর্ণ এবং জাতিগত গোষ্ঠীর লোকেদের অংশগ্রহণকে স্বাগত জানায়। MANRRS শিক্ষার্থীদেরকে নেতৃত্ব ও সাংগঠনিক ও জনসম্মুখে বক্তব্য রাখার দক্ষতা বৃদ্ধি করার, এবং একটি "ব্যবহারকারী-বান্ধব" পরিবেশে লেখাপড়ার কাজের পেশাদারি সমালোচনার অভিজ্ঞতা লাভ করার একটি সুযোগ প্রদান করে। জুনিয়র MANRRS প্রোগ্রামটি 7-12 গ্রেডের শিক্ষার্থীদের কলেজে যোগ দিতে এবং বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, কৃষি ও গণিত বিষয়ে বা STEAM-এ ক্যারিয়ার গড়তে অনুপ্রাণিত করার জন্য ডিজাইন করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন